

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
প্রশাসন-৩ শাখা  
[www.ssd.gov.bd](http://www.ssd.gov.bd)



১৭ মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২৩ উদযাপন এবং ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।  
তারিখ ও সময় : ১৩ মার্চ ২০২৩ বেলা-০৩.০০টা  
স্থান : সচিব, সুরক্ষা সেবা বিভাগ-এর অফিস কক্ষ  
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহানায়ক, বাঙালির ধুবতারা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। তিনি আরো স্মরণ করেন ১৫ আগস্ট কালোরাতে ঘাতকদের হাতে শাহাদাত বরণকারী বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব, শিশু শেখ রাসেলসহ জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ এবং জাতীয় চার নেতাসহ মহান মুক্তিযুদ্ধে ও ভাষা আন্দোলনে আত্মদানকারী সকল শহিদদের।

অতঃপর তিনি যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)-কে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য আহ্বান জানান। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে প্রাপ্ত মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ এর কর্মসূচি এবং মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে প্রাপ্ত ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচি পাঠ করে শোনান। জাতীয় কর্মসূচির আলোকে সুরক্ষা সেবা বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর নিম্নরূপে দিবসটি পালনের সিদ্ধান্ত গৃহীত হয় :

(ক) ১৭ মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২৩

| ক্রম | সিদ্ধান্ত   | বাস্তবায়নে   |
|------|---|---|
| ১    | ১৭ মার্চ ২০২৩ সকাল ০৯.০০ টায় পুরাতন কেন্দ্রীয় কারাগার, ঢাকায় অবস্থিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা। পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে এ বিভাগের যুগ্মসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা এবং আওতাধীন অধিদপ্তরসমূহ হতে পরিচালক ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন। | অধিদপ্তর প্রধান (সকল)/<br>প্রশাসন-৩ ও প্রশাসন-২<br>শাখা |
| ২    | পুষ্পস্তবক অর্পণ শেষে জাতির পিতা ও ১৫ই আগস্টে নিহত তাঁর পরিবারের সদস্যসহ সকল শহিদদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হবে।  | প্রশাসন-৩ শাখা  |
| ৩    | এ বিভাগের প্রশাসন-২ শাখা কর্তৃক একটি উপযুক্ত পুষ্পস্তবক ও ব্যানার প্রস্তুত করে যথাসময়ে পুরাতন কেন্দ্রীয় কারাগার, ঢাকায় প্রেরণের ব্যবস্থা করবে।   | (প্রশাসন-২ শাখা)  |
| ৪    | কারা অধিদপ্তর অনুষ্ঠানস্থলটি যথাযথভাবে প্রস্তুত করবে এবং মোনাজাত পরিচালনার জন্য একজন উপযুক্ত ইমাম নির্বাচন করবে।  | কারা অধিদপ্তর   |
| ৫    | এ বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর কর্তৃক দিবসটি যথাযথভাবে পালনের জন্য দিবস সংশ্লিষ্ট স্ব স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।  | অধিদপ্তর প্রধান (সকল)                                   |

৩

(খ) ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩

| ক্রম | সিদ্ধান্ত  | বাস্তবায়নে                                  |
|------|--|--|
| ১    | এ বিভাগের আওতাধীন দপ্তরসমূহে যথাযথভাবে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে।  | অধিদপ্তর প্রধান (সকল)                        |
| ২    | দেশের সকল হাসপাতাল, জেলখানা, শিশু পরিবার, পথশিশু পুনর্বাসন কেন্দ্র, প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্র, বৃদ্ধশ্রম, ভবঘুরে প্রতিষ্ঠান ও শিশু দিবা যন্ত্র কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে। | সংশ্লিষ্ট সকল অধিদপ্তর                       |
| ৩    | এ বিভাগের আওতাধীন গুরুত্বপূর্ণ ভবনসমূহে ২৬ মার্চ তারিখে আলোকসজ্জা করতে হবে। কোনভাবেই ২৫ মার্চ রাতে আলোকসজ্জা করা যাবে না।  | সুরক্ষা সেবা বিভাগ/<br>অধিদপ্তর প্রধান (সকল) |
| ৪    | সকল আয়োজনে রমজান মাসের পবিত্রতা বজায় রাখতে হবে।  | সুরক্ষা সেবা বিভাগ/<br>অধিদপ্তর প্রধান (সকল) |
| ৫    | এ বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর কর্তৃক দিবসটি যথাযথভাবে পালনের জন্য দিবস সংশ্লিষ্ট স্ব স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।   | অধিদপ্তর প্রধান (সকল)                        |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী  
সচিব

স্মারক নং-৫৮.০০.০০০০.০১৪.১৬.০০৭.২০২১-১৫

তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৯  
১৪ মার্চ ২০২৩

বিতরণ :

১. সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২. অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

অনুলিপি :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫. সচিব-এর একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

  
মোঃ আমিন আল পারভেজ  
উপসচিব

ফোন : +৮৮০-২-৯৪৭১২৪৩৫৯

ফ্যাক্স: ৯৫৭৪৪৯৯

ইমেইল : admin3@ssd.gov.bd